

ভাল চাকরির জন্য বাণিজ্য অনুষদকেই নিরাপদ ভাবে শিক্ষার্থীরা

চট্টগ্রাম ব্যুরো

উচ্চ শিক্ষার ক্ষেত্রে বাণিজ্য অনুষদকেই সর্বাধিক নিরাপদ ভাবে শিক্ষার্থীরা। তাই তো দেশের পাবলিক ও বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর বাণিজ্য অনুষদেই ভর্তির লক্ষ্যে এবারে সর্বাধিক প্রতিদ্বন্দ্বিতা হচ্ছে। বিশ্ববিদ্যালয়গুলোতে ভর্তি হতে শিক্ষার্থীদের প্রায় ৫০ শতাংশই এবার বাণিজ্য অনুষদের অন্তর্ভুক্ত চারটি বিভাগে প্রতিদ্বন্দ্বিতা করছে। ভবিষ্যতে একটি ভাল চাকরির প্রত্যাশ্যেই শিক্ষার্থীরা এভাবে বাণিজ্য অনুষদের দিকে ঝুঁকছে বলে জানা যায়।

চলতি ২০০৪-০৫ শিক্ষাবর্ষে দেশের পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোর ভর্তি পরীক্ষা বিশেষ করে দেখা যায়, বাণিজ্য অনুষদভুক্ত বিভাগগুলোতেই সর্বাধিক প্রতিদ্বন্দ্বিতা হচ্ছে। বিপরীতে প্রতিদ্বন্দ্বিতার হার কম্পন কমছে কলা ও বিজ্ঞান অনুষদে। ঢাকা বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, রাজশাহী বিশ্ববিদ্যালয় ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়সহ অন্যান্য পাবলিক বিশ্ববিদ্যালয়েও এ প্রবণতা দৃষ্টি করা গেছে। একই চিত্র ছিল দেশের ৫৩টি

বেসরকারি বিশ্ববিদ্যালয়েও।

ঢাকা বিশ্ববিদ্যালয়ে কলা অনুষদের অন্তর্ভুক্ত 'খ' ইউনিটে ও বিজ্ঞান অনুষদের অন্তর্ভুক্ত 'ক' ইউনিটে প্রতিটি আসনের বিপরীতে এবার প্রার্থী ছিল যথাক্রমে ১০ ও ১৫ জন। অর্থচ বাণিজ্য অনুষদের অধীন 'গ' ইউনিটে প্রতিটি আসনের জন্য প্রতিদ্বন্দ্বী হচ্ছে ৩০ জন। অর্থাৎ কলা ও বিজ্ঞান অনুষদের তুলনায় বাণিজ্য অনুষদে প্রতিদ্বন্দ্বিতার হার চারিগুণে প্রায় বিতরণ।

একই চিত্র বিরাজ করছে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়েও। চারিগুণে প্রথমবর্ষে সন্ধান কোর্সে কলা ও বিজ্ঞান অনুষদে প্রতিদ্বন্দ্বিতার হার যথাক্রমে ১১১৪ ও ১১১৬। অর্থচ বাণিজ্য অনুষদভুক্ত 'গ' ইউনিটে প্রতিদ্বন্দ্বিতার হার ১১৪০। অর্থাৎ প্রতিটি আসনের জন্য 'গ' ইউনিটে প্রতিদ্বন্দ্বী হচ্ছে ৪০ জন। চব্বিগুণে কলা ও বিজ্ঞান অনুষদের তুলনায় বাণিজ্য অনুষদে প্রতিদ্বন্দ্বিতার এ হার প্রায় তিনগুণ। প্রতিদ্বন্দ্বিতার ক্ষেত্রে এমন পার্থক্য বিরাজ করছে রাজশাহী ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়েও।

দেশের আর্থসামাজিক প্রেক্ষাপটের কারণেই

শিক্ষার্থীরা এতদূর বাণিজ্য অনুষদের দিকে ঝুঁকছে বলে জানা যায়। চি 'গ' ইউনিটের পরীক্ষার্থী তালিকা বিনতে রফিক এ প্রসঙ্গে যুগান্তরকে বলেন, 'বাংলাদেশে সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানগুলোর অফিসেই চাকরির যোগ্যতা হিসেবে বিবিএ এবং এমবিএকে প্রাধান্য পেয়ার সবাই বাণিজ্য অনুষদের দিকে ঝুঁকছে। বাণিজ্য অনুষদের আরেক পাঠ্যক্রম শাখাওয়াত ইসলাম বলেন, 'কলা ও বিজ্ঞান অনুষদভুক্ত বিভাগগুলোর ক্ষেত্রে বাংলাদেশে এখন বৃষ্টি না পাওয়ায় বাণিজ্য অনুষদে প্রতিদ্বন্দ্বিতা চড়েছে। আবার শিক্ষার্থীদের অনেক বাণিজ্য অনুষদভুক্ত বিভাগগুলোতেই অধিকতর আর্থনিক ও সমাজপন্থা বসে মনে করেন।